

### (একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা। সরকারি কলেজ শাখা-২ www.dshe.gov.bd



২০ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ তারিখ: ৩ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ৩৭.০২.০০০০.১০৪.৩০.০০২.২০.৭০৭

#### অফিস আদেশ

সরকারি আকবর আলী কলেজ, উল্লাপাড়া, সিরাজগঞ্জ-এর অধ্যক্ষ প্রফেসর মো: মাহফুজুল ইসলাম (আইডি-৭৮৮৯) পদায়নজনিত কারণে ১৮-০৩-২০২৪ তারিখে দায়িত্বভার হস্তান্তর করেন এবং কলেজের জ্যেষ্ঠ কর্মকর্তা হিসাববিজ্ঞান বিষয়ের অধ্যাপক প্রফেসর মো: মঞ্জুর মোর্শেদ ভূঁঞা (আইডি-৪৮৯৩) ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দায়িত্বভার গ্রহণ করেন। সে মোতাবেক তিনি আর্থিক ক্ষমতা প্রদানের জন্য আবেদন করেন। আবেদনের প্রেক্ষিতে কলেজের কর্মচারীদের বেতনভাতাদি ও জরুরী কার্যাদি সম্পন্ন করার লক্ষ্যে প্রফেসর মো: মঞ্জুর মোর্শেদ ভূঁঞা (আইডি-৪৮৯৩)-কে দায়িত্বভার গ্রহণের তারিখ হতে সাময়িকভাবে আর্থিক ক্ষমতা প্রদান করা হলো।

## শৰ্তসমূহ:

- পরবর্তীতে অধ্যক্ষ/উপাধ্যক্ষ যোগদানের পর স্বয়ংক্রিয়ভাবে এই আদেশে প্রদত্ত ক্ষমতা বিলুপ্ত হবে।
- কলেজের কার্যাদি সম্পাদনের জন্য তাঁকে প্রতিষ্ঠানিক বেতন-ভাতা ও সম্মানীসহ আনুষঞ্জাক বিলসমূহ স্বাক্ষরদানের ক্ষমতা ট্রেজারী ও সাবসিডিয়ারী আইনের এসআরও/৯৬ ভলিউম-১ ধারা মোতাবেক সাময়িকভাবে প্রদান করা হলো।
- উল্লেখ্য যে, আর্থিক ক্ষমতা থাকাকালীন সময়ে যে কোনো প্রকার আর্থিক অনিয়মের জন্য তিনি দায়ী থাকবেন। তাঁকে নির্দিষ্ট রেজিস্টারে যথাযথভাবে হিসাব সংরক্ষণ করতে হবে। তিনি এর জন্য কোনো দায়িত ভাতা প্রাপ্য হবেন না।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

০৯-০৪-২০২৪ মোঃ তানভীর হাসান সহকারী পরিচালক ad\_college2@dshe.gov.bd

নম্বর: ৩৭.০২.০০০০.১০৪.৩০.০০২.২০.৭০৭/১ (৭)

২০ চৈত্ৰ ১৪৩০ বঙ্গাব্দ ত এপ্ৰিল ২০২৪ খ্ৰিস্টাব্দ

#### অবগতি ও প্রযোজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
- ২। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর;
- ৩। উপপরিচালক (কলেজ-১), সরকারি কলেজ শাখা-১, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর;
- ৪। প্রফেসর মো: মঞ্জুর মোর্শেদ ভূঁঞা (আইডি-৪৮৯৩), সরকারি আকবর আলী কলেজ, উল্লাপাড়া, সিরাজগঞ্জ;
- ৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন ঢাকা;
- ৬। বিভাগীয়/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ...... এবং
- ৭। সংরক্ষণ নথি।



03-08-2028

০৯-০৪-২০২৪ মোঃ তানভীর হাসান সহকারী পরিচালক

# সকল সংযুক্তিসমূহ:

(১) সআক/06-1055/2024 - সরকারি আকবর আলী কলেজের আর্থিক ক্ষমতা প্রদান।